

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬০১
আগরতলা, ১২ অক্টোবর, ২০১৮

**শারদোৎসব উপলক্ষে
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা**

শারদোৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় তিনি বলেছেন, শারদোৎসব বাঙ্গালী জাতির এক অন্যতম মহামিলনের উৎসব। সকল জাতিধর্মের উর্ধ্বে উঠে বাঙ্গালীর শারদোৎসব এক অন্যতম ঐতিহ্য ও সংস্কৃতি বহন করে। শিউলির সুবাস আর কাশফুল জানান দেয় শারদোৎসবের আগমন বার্তা। আমার বিশ্বাস মা দুর্গার আশীর্বাদে ৩৭ লক্ষ ত্রিপুরাবাসীর কল্যাণে আমরা শ্রেষ্ঠ ত্রিপুরা তথা সমৃদ্ধশালী ত্রিপুরা গঠন করতে সক্ষম হব।

শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘শারদোৎসব উপলক্ষে রাজ্যবাসীকে আমি শারদীয়ার প্রীতি ও শুভেচ্ছা জানাচ্ছি। শারদ শুভক্ষণে মায়ের আশীর্বাদে সবার আশা আকাঙ্ক্ষা পূরণ হবে বলে আমার বিশ্বাস। নির্বিঘ্নে ও অনাবিল আনন্দের মধ্য দিয়ে অতিবাহিত হোক শারদোৎসবের দিনগুলি এবং সার্বিকভাবে সফলতায় সম্পন্ন হোক শারদোৎসব এ কামনা করছি’।
